

# দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ঢাকা- ১০০০।

তারিখ : ০৪ অক্টোবর ২০২২

## ৯৫তম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার বিজ্ঞপ্তি

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)-এর ৯৫তম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা আগামী ০৩, ১০ ও ১৭ ডিসেম্বর ২০২২ তারিখে ঢাকা মহানগরীসহ দেশের সুনির্দিষ্ট বিভাগীয়/জেলা সদরে অবস্থিত পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

০২। পরীক্ষা সংক্রান্ত সমস্ত আবেদন অনলাইনের মাধ্যমে করতে হবে। ম্যানুয়ালি আবেদন গ্রহণ করা হবে না।

০৩। ৯৪তম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার ফলাফল পরবর্তী স্ক্রুটিনির আবেদন ১৩-১০-২০২২ তারিখ পর্যন্ত Online এর মাধ্যমে গ্রহণ করা হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

০৪। ৯৫তম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় JAIBB এবং DAIBB পর্বের নতুন ও পুরাতন সকল পরীক্ষার্থীর জন্য পরীক্ষা ফি এককালীন ১৮০০.০০ (এক হাজার আটশত) টাকা এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কার্যকর ফি সমূহ যথা- সাময়িক সনদপত্র ৪০০/-, মূল সনদপত্র ৭০০/- (সাময়িক সনদপত্র উত্তোলন না করে মূল সনদপত্র উত্তোলন করা যাবে না), এক পরীক্ষার মার্কশীট ৩০০/-, একাডেমিক ট্রান্সক্রীপ্ট ৭০০/-, পুরানো তথ্য সরবরাহ ফি ৭০০/-, স্ক্রুটিনি ফি প্রতি বিষয়ের জন্য ৫০০/-, ডুপ্লিকেট সাময়িক সনদপত্র ৭০০/-, সিলেবাস ১০০/-।

০৫। ৯৫তম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার ফরম Online (<https://online.ibb.org.bd/>) এর মাধ্যমে গ্রহণ করা হবে। Online এর মাধ্যমে ফরম Submission আগামী ০৬-১০-২০২২ তারিখ থেকে শুরু হবে এবং ২৩-১০-২০২২ তারিখ পর্যন্ত চলবে। উক্ত তারিখের পরে আবেদন করা যাবে না। কোন অবস্থাতেই ম্যানুয়ালি আবেদন গ্রহণ করা হবে না।

০৬। ৯৫তম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় আবেদন করার সময় বিষয় নির্বাচনের ক্ষেত্রে পরীক্ষার্থীদেরকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। পরীক্ষার্থীগণ আবশ্যিক ও ঐচ্ছিক যে বিষয়টি নির্বাচন করবেন সেই বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবেন। এক্ষেত্রে কোন ভুল হলে অথবা প্রবেশপত্রে উক্ত বিষয় সংযুক্ত না হলে পরীক্ষার পূর্বে আইবিবিতে E-mail এর মাধ্যমে আবেদন করে তা সংশোধন করে নিতে হবে। নির্ধারিত বিষয় ব্যতিত অন্য বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে আইবিবির নতুন সফটওয়্যারে সে বিষয়ের ফলাফল গ্রহণের সুযোগ নাই।

০৭। Online Form Submission Instruction আইবিবি Website (<https://online.ibb.org.bd/>) -এ Upload করা হয়েছে। সে অনুযায়ী Online এ- Form Submission করতে হবে এবং পরীক্ষা ফিস Online এ Sonali Bank Account Transfer, Mobile Banking (Bkash, Nagad, Rocket) অথবা Card এর মাধ্যমে পরিশোধ করা যাবে। সেক্ষেত্রে আরোপিত চার্জ আবেদনকারীকে বহন করতে হবে।

০৮। আইবিবির “Regulations and Syllabus for Banking Diploma Examinations, JAIBB and DAIBB” এর ২২ নং অনুচ্ছেদে DAIBB পরীক্ষায় অংশগ্রহণ বিষয়ে নিম্নবর্ণিত বিধান রয়েছে :

No candidate will be allowed to sit for DAIBB without passing all the subjects of JAIBB Examination. No candidate will also be allowed to sit simultaneously for both JAIBB and DAIBB Examinations.

Regulations and Syllabus এর উপরোক্ত বিধান অনুযায়ী কোন পরীক্ষার্থী JAIBB পর্ব উত্তীর্ণ না হয়ে DAIBB পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। যদি কোন পরীক্ষার্থী JAIBB পর্ব উত্তীর্ণ না হয়ে DAIBB পর্বের পরীক্ষায় অংশ গ্রহণের লক্ষ্যে ফর্ম পূরণ করেন সেক্ষেত্রে উক্ত ফর্ম সরাসরি বাতিল করা হবে। কোন পরীক্ষার্থী JAIBB ও DAIBB পর্ব পরীক্ষায় একসাথে অংশগ্রহণ করতে পারবেন না।

০৯। পরীক্ষার বিস্তারিত নিয়মাবলী ও সিলেবাস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত “Regulations and Syllabus for Banking Diploma Examinations, JAIBB and DAIBB ” শীর্ষক পুস্তিকায় এবং IBB Website এ বর্ণিত আছে।

মহাসচিব